# হাদির ওপর হামলা নির্বাচনের গতিপথে বড় প্রভাব ফেলবে না: ইসি



সংগৃহীত ছবি

ইলেকটোরাল কমিশনার মাছউদ বলেছেন, সম্প্রতি হাদির ওপর হামলার ঘটনা নির্বাচনের মূল প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করতে পারবে না। তবে আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও জোরদার করা জরুরি। গুরুতর আহত শরিফ ওসমান হাদির অবস্থা এখনও সংকটাপন্ন।

গত শুক্রবার রাজধানীর বিজয়নগরে দুষ্কৃতিকারীদের গুলিতে গুরুতর আহত হন ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি। তাকে বর্তমানে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে, এবং আগামী ৪৮ থেকে ৭২ ঘণ্টা তার অবস্থার দিকে বিশেষ নজর রাখা হবে।

ইলেকটোরাল কমিশনার মাছউদ বলেন, "বিচ্ছিন্ন কিছু ঘটনার কারণে নির্বাচনের প্রতি আস্থা ক্ষুণ্ন হলে অভিষ্ট লক্ষ্যে পৌঁছানো কঠিন হবে। তাই আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও শক্তিশালী করতে হবে।"

হাদির চিকিৎসার জন্য গঠিত মেডিকেল বোর্ড জানিয়েছে, সকালে তার শারীরিক অবস্থা পর্যালোচনা করা হয়েছে। চিকিৎসকরা জানান, এখনও তার অবস্থা পুরোপুরি স্থিতিশীল নয়। এই তথ্য হাদির ভাইকেও সরাসরি জানানো হয়েছে।

LENS ASIA